

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
সলিসিটর অনুবিভাগ, প্রশাসন শাখা-১
বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গন, ঢাকা
www.lawjusticediv.gov.bd

নং ১০.০০.০০০০.১৩৩.৫৬.০১০.১৪(বিবিধ)-৫৫

১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ :-----
২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ


বিষয় : অধস্তন আদালতের রায়/আদেশের বিরুদ্ধে উচ্চ আদালতে আপীল/রিভিশন দায়েরের প্রস্তাব প্রেরণে অনুসরণীয় নির্দেশাবলী
প্রতিপালন প্রসঙ্গে।

সূত্র: (১) সলিসিটর অনুবিভাগ, প্রশাসন শাখা-১ এর ০৮/০৩/২০২২ খ্রি. তারিখের স্মারক নং ১০.০০.০০০০.১৩৩.৫৬.০১০.১৪(বিবিধ)-১২(১৪০) এবং
(২) সলিসিটর অনুবিভাগ, প্রশাসন শাখা-১ এর ২০/০৬/২০২২ খ্রি. তারিখের স্মারক নং ১০.০০.০০০০.১৩৩.৫৬.০১০.১৪ (বিবিধ)২৪(১৪০)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আইন ও বিচার বিভাগের সলিসিটর অনুবিভাগ হতে সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলায় অধস্তন আদালতের রায়/ডিক্রির বিরুদ্ধে উচ্চ আদালতে আপীল/রিভিশন দায়েরের প্রস্তাব প্রেরণের নিমিত্ত অনুসরণীয় নির্দেশাবলী উল্লেখপূর্বক সূত্রোক্ত পরিপত্র দুটি জারি করা হয়।

০২। প্রায়শই লক্ষ করা যাচ্ছে যে, বিভিন্ন প্রত্যাশী সংস্থা তথা মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অফিস সূত্রোক্ত পরিপত্র দুটির নির্দেশনা যথাযথভাবে অনুসরণ না করে আইনে নির্ধারিত সময়সীমার পর কিংবা অসম্পূর্ণ কাগজপত্রাদিসহ আপিলের প্রস্তাব প্রেরণ করছে। যার দরুন সরকারি মামলা দায়ের ও পরিচালনায় বিঘ্ন ঘটছে এবং বেশিরভাগ ক্ষেত্রে তামাদিতে বারিত হচ্ছে। এরূপ যথাযথভাবে কাগজাদি প্রেরণ না করা বা বিলম্বে প্রস্তাব প্রেরণের ফলে সরকারি মামলার ফলাফল তামাদি বা অসম্পূর্ণ প্রস্তাবের কারণে সরকারের বিপক্ষে গেলে সরকারি সম্পদ সংরক্ষণের ব্যর্থতার দায়িত্ব প্রত্যাশী সংস্থার উপর বর্তাবে।

৩। এমতাবস্থায় সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলায় অধস্তন আদালতের রায়/ডিক্রির বিরুদ্ধে উচ্চ আদালতে আপীল/রিভিশন দায়েরের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে সূত্রোক্ত পরিপত্র দুটির নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করে আপীল/রিভিশন দায়েরের পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ রবিউল আউয়াল)
সহকারী সচিব(প্রশাসন-১)
ফোন: ৯৫৮৮৪১৪ (অ)।

সংযুক্ত : সূত্রোক্ত পরিপত্র ২টি

বিতরণঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব/(সকল মন্ত্রণালয়/বিভাগ).....(তঁার অধিনস্থ বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরকে অবহিত করার অনুরোধসহ)
- ৩। বিভাগীয় কমিশনার (সকল).....
- ৪। জেলা প্রশাসক (সকল).....(তঁার জেলার জিপি/পিপি সহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, আইসিটি সেল, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। সলিসিটর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন।
- ৯। উপসলিসিটর (প্রশাসন), উপসলিসিটর(রীট-১/২), উপসলিসিটর (সিভিল), উপসলিসিটর(ফৌজদারী), উপসলিসিটর(জিপি/পিপি) এবং উপ-সলিসিটর (এটি/এএটি) এর ব্যক্তিগত কর্মকর্তা, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, ঢাকা।
- ১০। অফিস কপি।